গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৫ - জুন ৩০, ২০১৬

## সূচিপত্র


মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিকচিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৩

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........ ১৪

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........ ১৬

## মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ চলমান প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম পরিবীক্ষণ, সমাপ্ত প্রকল্প মুল্যায়ন, বাস্তবায়নাধীন নির্বাচিত প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ, নির্বাচিত সমাপ্ত প্রকল্পের প্রভাব মূল্যায়ন, গণখাতে ক্রয় কার্যক্রমে আইন ও বিধি'র বাস্তবায়ন এবং ই-জিপি ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যক্রম সম্পাদন করে থাকে। গত তিন বছরে আইএমই বিভাগ কর্তৃক ৩২৪৫ টি চলতি প্রকল্পের বাস্তবায়ন পরিবীক্ষণ, ২৪ টি নির্বাচিত চলতি প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ, ১০৭৯ টি সমাপ্ত প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়ন ও ৫১ টি নির্বাচিত সমাপ্ত প্রকল্পের প্রভাব নিরুপণ করা হয়েছে। তাছাড়া, গণখাতে ক্রয় কার্যক্রমে ই-জিপি (e-GP) পদ্ধতি প্রবর্তন ও সম্প্রসারণের ফলে ই-জিপি পদ্ধতিতে ১৫১৯৭ জন ই-জিপি দরদাতার রেজিস্ট্রেশন সম্পন্ন করা হয়েছে। একই সঙ্গে ই-টেন্ডার এর সংখ্যা ২৫৩০৭ টি তে উন্নীতকরা হয়েছে এবং সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানের ক্রয় কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট ৬১০০ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

এ বিভাগের কার্য সম্পাদনের পথে প্রধান সমস্যা ও চ্যালেঞ্জসমূহ হচ্ছে, উন্নয়ন প্রকল্পের সংখ্যার তুলনায় প্রয়োজনীয় জনবলের স্বল্পতা, আইএমই বিভাগের (IMED) মতামত/সুপারিশ প্রতিপালনে প্রকল্প বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের বাধ্যবাধকতা না থাকা, সময়মত প্রকল্প সংক্রান্ত তথ্য না পাওয়া এবং সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন (PCR) যথাসময়ে না পাওয়া।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

এ বিভাগের ভবিষ্যৎ পরিকল্পনার মধ্যে রয়েছে: নিরপেক্ষ ও ত্বরিত পরিবীক্ষণ ব্যবস্থা নিশ্চিত করা; অন্যান্য লজিষ্টিক সুবিধাদি (আইটি যন্ত্রপাতি,ল্যান, ইন্টারনেট, পরিবীক্ষণ যন্ত্রপাতি ইত্যাদি) নিশ্চিত করা; মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা সমূহ থেকে ইলেকট্রনিক উপায়ে প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত উপাত্ত ও তথ্য সংগ্রহের লক্ষ্যে অনলাইন ডাটাবেইজ ম্যানেজমেন্ট সিস্টেম প্রতিষ্ঠা করা; পরিবীক্ষণ ও মূল্যায়ন কার্যক্রম অধিকতর কার্যকরভাবে চালুর লক্ষ্যে পরিবীক্ষণ ও মূল্যায়নের ওপর সেক্টরভিত্তিক ম্যানুয়াল তৈরি করা; পরিবীক্ষণ ও মূল্যায়ন কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধির জন্য দেশ-বিদেশে এ বিষয়ে প্রশিক্ষণ আয়োজন করা। তাছাড়া, দেশের সকল গণখাতে ক্রয় কার্যক্রমকে ই-জিপি'র আওতায় আনার লক্ষ্যে অধিকতর ক্ষমতাসম্পন্ন ডাটাসেন্টার স্থাপন এবং গণখাতে ক্রয় কার্যক্রমে ব্যবহৃত ৩১টি প্রমিত দরপত্র দলিল প্রণয়ন ও চূড়ান্ত করা।

**২০১৫-১৬ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ**

- আইএমইডি'র চারটি মনিটরিং সেক্টরে ৮৪৫ টি চলমান প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম পরিবীক্ষণ করে প্রতিবেদন জারি;
- ১৬ টি চলতি প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ করে প্রতিবেদন প্রকাশ;
- ১৮ টি সমাপ্ত প্রকল্পের প্রভাব মূল্যায়ন করে প্রতিবেদন প্রকাশ;
- গণখাতে ক্রয় কার্যক্রমে ব্যবহৃত ৬ টি প্রমিত দরপত্র দলিল চুড়ান্তকরণ;
- দেশে এবং বিদেশে প্রশিক্ষণের মাধ্যমে ২৯০০ জন কর্মকর্তার দক্ষতা বৃদ্ধি।

# উপক্রমণিকা (Preamble)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিকল্পনা মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০১৫ সালের সেপ্টেম্বর মাসের ২০ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

### মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

**১.১ রূপকল্প (Vision):**

টেকসই উন্নয়নের লক্ষ্যে বার্ষিক উন্নয়ন কর্মসূচির (ADP) সফল বাস্তবায়ন।

**১.২ অভিলক্ষ্য (Mission)**

প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম পরিবীক্ষণ, সমাপ্ত প্রকল্পের গুনগত মূল্যায়ন এবং গণখাতে ক্রয় প্রক্রিয়ায় স্বচ্ছতা ও দক্ষতা নিশ্চিত করার মাধ্যমে দেশের আর্থ-সামাজিক উন্নয়নে কার্যকর সহায়তা প্রদান।

**১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)**

**১.৩.১ মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. পরিবীক্ষণ ও মূল্যায়নের মাধ্যমে প্রকল্প বাস্তবায়নের কার্যকারিতা নিশ্চিতকরণ
২. তথ্য ও যোগাযোগ প্রযুক্তির (ICT) ব্যবহার নিশ্চিত করার মাধ্যমে গণখাতে ক্রয় কার্যক্রম সংস্কার

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন
২. উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন
৩. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
৪. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন
৫. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

**১.৪ কার্যাবলি (Functions)**

১. চলমান প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম পরিবীক্ষণ ও সমাপ্ত প্রকল্প মূল্যায়ন;
২. বাস্তবায়নাধীন নির্বাচিত প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ (In depth Monitoring);
৩. নির্বাচিত সমাপ্ত প্রকল্পের প্রভাব মূল্যায়ন (Impact Evaluation);
৪. গণখাতে ক্রয় কার্যক্রমে আইন ও বিধি'র বাস্তবায়ন ও ইলেকট্রনিক গভর্মেন্ট প্রকিউরমেন্ট (ই-জিপি) ব্যবস্থাপনা;
৫. ক্রয় কার্যক্রমের সঙ্গে সম্পৃক্ত সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তাদের প্রশিক্ষণ।

## সেকশন ২

## মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা ২০১৫-২০১৬ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-২০১৭ | ২০১৭-২০১৮ | | |
| বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নের হার বৃদ্ধি | মোট বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নের শতকরা হার | % | ৯৫% | ৯১% | ৯৬.৫% | ৯৭% | ৯৭.৫% | বাস্তবায়নাধীন প্রকল্প সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ | আইএমইডি কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [১] পরিবীক্ষণ ও মূল্যায়নের মাধ্যমে প্রকল্প বাস্তবায়নের কার্যকারিতা নিশ্চিতকরণ | ৫৮ | [১.১] চলমান প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম পরিবীক্ষণ | [১.১.১] জারিকৃত পরিবীক্ষণ প্রতিবেদন (কৃষি, পল্লী উন্নয়ন ও গবেষণা সেক্টর) | সংখ্যা | ৭.৫০ | ১৩৭ | ২৭৯ | ২০০ | ১৮০ | ১৭০ | ১৬৫ | ১৬০ | ২০০ | ২০০ |
| | | | [১.১.২] জারিকৃত পরিবীক্ষণ প্রতিবেদন (শিক্ষা ও সামাজিক সেক্টর) | সংখ্যা | ৭.৫০ | ২৪৬ | ৩৪০ | ২৫০ | ২৩০ | ২২০ | ২১০ | ২০০ | ২৫০ | ২৫০ |
| | | | [১.১.৩] জারিকৃত পরিবীক্ষণ প্রতিবেদন (শিল্প ও শক্তি সেক্টর) | সংখ্যা | ৭.৫০ | ১৯৬ | ২৬৭ | ২৪৫ | ২৩০ | ২১৮ | ২০৭ | ১৯৬ | ২৪৮ | ২৫০ |
| | | | [১.১.৪] জারিকৃত পরিবীক্ষণ প্রতিবেদন (যোগাযোগ ও স্থানীয় সরকার সেক্টর) | সংখ্যা | ৭.৫০ | ১৯৩ | ১৭৮ | ১৫০ | ১৪০ | ১৩২ | ১২৬ | ১২০ | ১৫০ | ১৫০ |
| | | [১.২] নির্বাচিত প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ | [১.২.১] প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | সংখ্যা | ৮.০০ | ৭ | ১১ | ১৬ | ১৫ | ১৪ | ১৩ | ১২ | ১৭ | ১৮ |
| | | [১.৩] নির্বাচিত সমাপ্ত প্রকল্পের প্রভাব মূল্যায়ন | [১.৩.১] প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | সংখ্যা | ৮.০০ | ১৪ | ১৫ | ১৮ | ১৭ | ১৬ | ১৫ | ১৪ | ২০ | ২২ |
| | | [১.৪] সমাপ্ত প্রকল্প মূল্যায়ন | [১.৪.১] জারিকৃত সমাপ্ত প্রকল্প মূল্যায়ন প্রতিবেদন (কৃষি, পল্লী উন্নয়ন ও গবেষণা সেক্টর) | সংখ্যা | ৩.০০ | ৪১ | ৬১ | ৪৫ | ৪২ | ৪০ | ৩৮ | ৩৬ | ৪৫ | ৪৫ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| | | [১.৪] সমাপ্ত প্রকল্প মূল্যায়ন | [১.৪.২] জারিকৃত সমাপ্ত প্রকল্প মূল্যায়ন প্রতিবেদন (শিক্ষা ও সামাজিক সেক্টর) | সংখ্যা | ৩.০০ | ৬১ | ৬০ | ৫৫ | ৫১ | ৪৮ | ৪৬ | ৪৪ | ৫৫ | ৫৫ |
| | | | [১.৪.৩] জারিকৃত সমাপ্ত প্রকল্প মূল্যায়ন প্রতিবেদন (শিল্প ও শক্তি সেক্টর) | সংখ্যা | ৩.০০ | ২৬ | ৫২ | ৪৫ | ৪২ | ৪০ | ৩৮ | ৩৬ | ৪৫ | ৪৫ |
| | | | [১.৪.৪] জারিকৃত সমাপ্ত প্রকল্প মূল্যায়ন প্রতিবেদন (যোগাযোগ ও স্থানীয় সরকার সেক্টর) | সংখ্যা | ৩.০০ | ৬২ | ৬২ | ৭০ | ৬৫ | ৬২ | ৫৯ | ৫৬ | ৬৫ | ৬৫ |
| [২] তথ্য ও যোগাযোগ প্রযুক্তির (ICT) ব্যবহার নিশ্চিত করার মাধ্যমে গণখাতে ক্রয় কার্যক্রম সংস্কার | ২৫ | [২.১] ই-জিপি (e-GP) পদ্ধতি সম্প্রসারণ | [২.১.১] ই-জিপি পদ্ধতিতে আহবানকৃত দরপত্র | সংখ্যা | ৫.০০ | ৮৩৮১ | ১৬৯৫২ | ১৭০০০ | ১৬৫০০ | ১৬০০০ | ১৫৫০০ | ১৫০০০ | ১৭৫০০ | ১৮০০০ |
| | | | [২.১.২] ই-দরপত্রদাতাদের রেজিস্ট্রেশন | সংখ্যা | ৫.০০ | ৮২০৩ | ৬২১৭ | ৬৫০০ | ৬৩০০ | ৬০০০ | ৫৮০০ | ৫৫০০ | ৬৭০০ | ৬৮০০ |
| | | [২.২] ক্রয় কার্যক্রমের সাথে সম্পৃক্ত সরকারি বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তাদের প্রশিক্ষণ | [২.২.১] প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তা | সংখ্যা | ৫.০০ | | ১৭৬৬ | ৯৩৪ | ৯১৫ | ৯০০ | ৮৭৫ | ৮৫০ | | |
| | | | [২.২.২] প্রশিক্ষণপ্রাপ্ত (সংক্ষিপ্ত) কর্মকর্তা | সংখ্যা | ৫.০০ | | ১১১১ | ১৯৬৬ | ১৯২৫ | ১৯০০ | ১৮৭৫ | ১৮৫০ | | |
| | | [২.৩] গণখাতে ক্রয়কার্যক্রমে ব্যবহৃত প্রমিত দরপত্র দলিল চুড়ান্তকরণ। | [২.৩.১] চুড়ান্ত প্রমিত দরপত্র দলিল। | সংখ্যা | ৫.০০ | ০ | ০ | ৬ | ৫ | ৪ | ৩ | ২ | ৬ | ৬ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ৫ | [১.১] খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | [১.১.১] প্রশিক্ষণ সমাপ্তির পর নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি দাখিলকৃত | দিন | ১.০০ | | | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | | |
| | | [১.২] বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [১.২.১] নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-০৮-২০১৫ | ০১-০৯-২০১৫ | ০২-০৯-২০১৫ | ০৩-০৯-২০১৫ | ০৪-০৯-২০১৫ | | |
| | | [১.৩] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | [১.৩.১] দাখিলকৃত অর্ধবার্ষিক ও ত্রৈমাসিক প্রতিবেদন | সংখ্যা | ১.০০ | | | ৫ | ৪ | ৩ | | | | |
| | | [১.৪] আওতাধীন সংস্থার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন সংক্রান্ত সমঝোতা স্মারক স্বাক্ষর | [১.৪.১] সমঝোতা স্মারক স্বাক্ষরিত | তারিখ | ১.০০ | | | ১৫-১০-২০১৫ | ১৯-১০-২০১৫ | ২২-১০-২০১৫ | ২৬-১০-২০১৫ | ২৯-১০-২০১৫ | | |
| | | [১.৫] বার্ষিক কর্মসম্পাদন-এর সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রণোদনা প্রদান | [১.৫.১] বৈদেশিক প্রশিক্ষণে প্রেরিত কর্মকর্তা | সংখ্যা | ১.০০ | | | ৩ | ২ | ১ | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [২] উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন | ৫ | [২.১] পরিবর্তিত ফরম্যাটে সিটিজেন্স চার্টার প্রণয়ন | [২.১.১] পরিবর্তিত ফরম্যাটে মন্ত্রণালয়/বিভাগের সিটিজেন্স চার্টার ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ২৯-১০-২০১৫ | ০৫-১১-২০১৫ | ১২-১১-২০১৫ | ১৯-১১-২০১৫ | ২৬-১১-২০১৫ | | |
| | | | [২.১.২] অধিদপ্তর/সংস্থার সিটিজেন্স চার্টার প্রণীত ও প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৫ | ০৭-১২-২০১৫ | ১৪-১২-২০১৫ | ২১-১২-২০১৫ | ২৮-১২-২০১৫ | | |
| | | [২.২] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [২.২.১] নিষ্পত্তিকৃত অভিযোগ | % | ১.০০ | | | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | |
| | | [২.৩] সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন | [২.৩.১] মন্ত্রণালয়/বিভাগে কমপক্ষে একটি করে অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৫ | ০৭-১২-২০১৫ | ১৪-১২-২০১৫ | ২১-১২-২০১৫ | ২৮-১২-২০১৫ | | |
| | | | [২.৩.২] মন্ত্রণালয়/বিভাগে কমপক্ষে একটি করে সেবা প্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৫ | ০৭-১২-২০১৫ | ১৪-১২-২০১৫ | ২১-১২-২০১৫ | ২৮-১২-২০১৫ | | |
| [৩] দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৩ | [৩.১] জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | [৩.১.১] শুদ্ধাচার বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো (monitoring framework) প্রণীত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৫ | ০৭-১২-২০১৫ | ১৪-১২-২০১৫ | ২১-১২-২০১৫ | ২৮-১২-২০১৫ | | |
| | | | [৩.১.২] জুন/২০১৬ এর মধ্যে শুদ্ধাচার কর্মপরিকল্পনার বাস্তবায়িত কার্যক্রম | % | ১.০০ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [৩.২] কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ আয়োজন | [৩.২.১] প্রশিক্ষণের সময় | জনঘণ্টা | ১.০০ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৪] তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন | ২ | [৪.১] তথ্য প্রকাশ নির্দেশিকা প্রণয়ন | [৪.১.১] তথ্য প্রকাশ নির্দেশিকা ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ২৯-১০-২০১৫ | ০৫-১১-২০১৫ | ১২-১১-২০১৫ | ১৯-১১-২০১৫ | ২৬-১১-২০১৫ | | |
| | | [৪.২] আওতাধীন দপ্তর/সংস্থায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ | [৪.২.১] আওতাধীন সকল দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও যোগাযোগের ঠিকানার সঙ্কলন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫০ | | | ২৯-১০-২০১৫ | ০৫-১১-২০১৫ | ১২-১১-২০১৫ | ১৯-১১-২০১৫ | ২৬-১১-২০১৫ | | |
| | | [৪.৩] মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন | [৪.৩.১] বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫০ | | | ১৫-১০-২০১৫ | ২৯-১০-২০১৫ | ১৫-১১-২০১৫ | ৩০-১১-২০১৫ | ১৫-১২-২০১৫ | | |
| [৫] আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ২ | [৫.১] বাজেট বাস্তবায়ন কমিটির কর্মপরিধি যথাযথভাবে অনুসরণ | [৫.১.১] বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (Budget Implementation Plan) প্রণীত ও ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১.০০ | | | ৫ | ৪ | ৩ | ২ | ১ | | |
| | | [৫.২] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৫.২.১] বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১.০০ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

সচিব
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়

২০/০৭/২০১৫
তারিখ

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ

২০/[illegible]/২০১৫
তারিখ

**সংযোজনী-১**

## শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | ADP | Annual Development Programme |
| ২ | BREB | Bangladesh Rural Electrification Board |
| ৩ | BWDB | Bangladesh Water Development Board |
| ৪ | e-GP | Electronic Government Procurement |
| ৫ | ICT | Information and Communication Technology |
| ৬ | IMED | Implementation Monitoring and Evaluation Division |
| ৭ | LGED | Local Government Engineering Department |
| ৮ | PCR | Project Completion Report |
| ৯ | PMIS | Project Monitoring Information System |
| ১০ | RHD | Roads and Highways Department |
| ১১ | সিপিটিইউ | সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট |
| ১২ | পিপিআরপি-II | পাবলিক প্রকিউরমেন্ট রিফর্ম প্রজেক্ট-২ |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| [১.৪] সমাপ্ত প্রকল্প মূল্যায়ন | [১.৪.১] জারিকৃত সমাপ্ত প্রকল্প মূল্যায়ন প্রতিবেদন (কৃষি, পল্লী উন্নয়ন ও গবেষণা সেক্টর) | বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ থেকে সমাপ্ত প্রকল্পের প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) প্রাপ্তির পর আইএমইডি'র কর্মকর্তাগণ কর্তৃক মাঠ পর্যায়ে পরিদর্শন শেষে মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুতক্রমে জারি। | কৃষি, পল্লী উন্নয়ন ও গবেষণা সেক্টর, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়। | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন। | |
| | [১.৪.২] জারিকৃত সমাপ্ত প্রকল্প মূল্যায়ন প্রতিবেদন (শিক্ষা ও সামাজিক সেক্টর) | বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ থেকে সমাপ্ত প্রকল্পের প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) প্রাপ্তির পর আইএমইডি'র কর্মকর্তাগণ কর্তৃক মাঠ পর্যায়ে পরিদর্শন শেষে মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুতক্রমে জারি। | শিক্ষা ও সামাজিক সেক্টর, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়। | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন। | |
| | [১.৪.৩] জারিকৃত সমাপ্ত প্রকল্প মূল্যায়ন প্রতিবেদন (শিল্প ও শক্তি সেক্টর) | বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ থেকে সমাপ্ত প্রকল্পের প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) প্রাপ্তির পর আইএমইডি'র কর্মকর্তাগণ কর্তৃক মাঠ পর্যায়ে পরিদর্শন শেষে মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুতক্রমে জারি। | শিল্প ও শক্তি সেক্টর, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়। | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন। | |
| | [১.৪.৪] জারিকৃত সমাপ্ত প্রকল্প মূল্যায়ন প্রতিবেদন (যোগাযোগ ও স্থানীয় সরকার সেক্টর) | বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ থেকে সমাপ্ত প্রকল্পের প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) প্রাপ্তির পর আইএমইডি'র কর্মকর্তাগণ কর্তৃক মাঠ পর্যায়ে পরিদর্শন শেষে মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুতক্রমে জারি। | যোগাযোগ ও স্থানীয় সরকার সেক্টর, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়। | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন। | |
| [২.১] ই-জিপি (e-GP) পদ্ধতি সম্প্রসারণ | [২.১.১] ই-জিপি পদ্ধতিতে আহবানকৃত দরপত্র | বেশিরভাগ ক্ষেত্রে LGED, RHD, BWDB এবং BREB ই-দরপত্র আহবান করে থাকে। এছাড়া আরও ১৩১টি সংস্থা ই-দরপত্র আহবানের প্রস্তুতি গ্রহণ করেছে। | সিপিটিইউ, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়। | ই-জিপি সংক্রান্ত ওয়েবসাইট www.eprocure.gov.bd এবং আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন। | |
| | [২.১.২] ই-দরপত্রদাতাদের রেজিস্ট্রেশন | দরদাতাগণ সিপিটিইউ কর্তৃক ই-দরপত্রে অংশগ্রহণের লক্ষ্যে ই-দরপত্র হিসাবে রেজিস্ট্রি করছে বা ই-জিপি পদ্ধতিতে অন্তর্ভূক্ত হচ্ছে। | সিপিটিইউ, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়। | ই-জিপি সংক্রান্ত ওয়েবসাইট www.eprocure.gov.bd এবং আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন। | |
| [২.২] ক্রয় কার্যক্রমের সাথে সম্পৃক্ত সরকারি বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তাদের প্রশিক্ষণ | [২.২.১] প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তা | পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ ও ই-জিপি বিষয়ে কর্মদক্ষতা বৃদ্ধির লক্ষ্যে সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানের কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান করা হয়। | সিপিটিইউ, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়। | সিপিটিইউ ও আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন। | |
| | [২.২.২] প্রশিক্ষণপ্রাপ্ত (সংক্ষিপ্ত) কর্মকর্তা | পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ ও ই-জিপি বিষয়ে কর্মদক্ষতা বৃদ্ধির লক্ষ্যে সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানের কর্মকর্তাদের সংক্ষিপ্ত প্রশিক্ষণ প্রদান করা হয়। | সিপিটিইউ, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়। | সিপিটিইউ ও আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন। | |
| [২.৩] গণখাতে ক্রয়কার্যক্রমে ব্যবহৃত প্রমিত দরপত্র দলিল চূড়ান্তকরণ। | [২.৩.১] চুড়ান্ত প্রমিত দরপত্র দলিল। | গণখাতে ক্রয় কার্যক্রমে ব্যবহৃত প্রমিত দরপত্র দলিল চূড়ান্তকরণ। | সিপিটিইউ, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়। | সিপিটিইউ, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক চূড়ান্ত দরপত্র দলিল প্রকাশ। | |

## সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | উক্ত প্রতিষ্ঠানের নিকট প্রত্যাশার মাত্রা উল্লেখ করুন | প্রত্যাশা পুরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|---|
| বিভাগ | স্থানীয় সরকার বিভাগ | জারিকৃত সমাপ্ত প্রকল্প মূল্যায়ন প্রতিবেদন (যোগাযোগ ও স্থানীয় সরকার সেক্টর) | প্রকল্প সমাপ্তির তিন মাসের মধ্যে প্রকল্প সমাপ্ত প্রতিবেদন আইএমইডিতে প্রেরণ নিশ্চিতকরণ। | মন্ত্রণালয়/বিভাগ হতে প্রকল্প সমাপ্ত প্রতিবেদন না পেলে আইএমইডি কর্তৃক প্রকল্প সমাপ্ত প্রতিবেদন প্রণয়ন সম্ভব নয়। | ৩০% | কর্মসম্পাদন সূচকের মান অর্জন সম্ভব নয়। |